76

দৈনিক সংবাদ

তারিখ 04 MAR 1998
পৃষ্ঠা ৫ কলাম ১

# অর্থ বরাদ্দ না থাকায় নালিতাবাড়ীর অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাবর্ষ পালিত হয়নি

নালিতাবাড়ী (শেরপুর), ৩রা মার্চ (নিজস্ব সংবাদদাতা)।– সরকারি নির্দেশ থাকলেও নালিতাবাড়ী থানার সবক'টি প্রাথমিক বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষাবর্ষ '৯৮ উদযাপিত হয়নি। থানার ৬২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে এ কার্যক্রম পালিত হয়েছে মাত্র ৬টি বিদ্যালয়ে।

সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে, গত ১৬ ও ১৭ই ফেব্রুয়ারি থানা পর্যায়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে প্রাথমিক শিক্ষাবর্ষ পালনের সরকারি নির্দেশ ছিল। কর্মসূচিগুলো হলো ঃ আনুষ্ঠানিকভাবে নবাগত শিক্ষার্থীদের বরণ ও হাতেখড়ি প্রদান, ২ দিনব্যাপী শিক্ষা উপপকরণ প্রদর্শনী, শিশুমেলা, ক্রীড়া সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ। কিন্তু এ অনুষ্ঠানমালার জন্য কোন সরকারি অর্থ বরাদ্দ ছিল না। আর এ কারণেই সবকটি প্রাথমিক বিদ্যালয়ে এ কার্যক্রমের আয়োজন করা সম্ভব হয়নি বলে অনেকে জানিয়েছেন।

থানা সদরের কয়েকটি বিদ্যালয় ঘুরে দেখা গেছে, পাঠ্যসূচি অনুসারে বিভিন্ন বাস্তব, অর্ধবাস্তব উপকরণ প্রদর্শনী শিশুদের মাঝে দারুণ উৎসাহ সৃষ্টি করেছে। বিশেষ করে তারাগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা–উপকরণ প্রদর্শনী ও নবীনদের বরণ অনুষ্ঠানটি ছিল আকর্ষণীয়। এ বিদ্যালয়ের শিক্ষক–শিক্ষিকা ও ছাত্র–ছাত্রীবৃন্দ নবাগত শিক্ষার্থীদের ফুল ছিটিয়ে, মুখে লজেন্স তুলে দিয়ে বরণ করে নেয়।

উল্লেখ্য, স্ব স্ব বিদ্যালয়ের শিক্ষক–শিক্ষিকা ও বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্যদের দেয়া অর্থে এ অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করা হয়েছে।